১/
১৯/৩/১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও,শেরে বাংলানগর,ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৫৬.০০.০০.০০৪.২০১৪-৫২ তারিখ ঃ ১৯ মার্চ,২০১৪ খ্রিঃ।

ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর কেন্দ্রে একযোগে অনুষ্ঠিতব্য ৩৪তম বিসিএস এর আবশ্যিক বিষয়ের লিখিত পরীক্ষার হল ও আসন ব্যবস্থা ঃ

তারিখ ঃ ২৪,২৫,২৭,৩০ এবং ৩১ মার্চ /২০১৪

সময় ঃ প্রতিদিন সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা এবং দুপুর ২:০০টা হতে বিকাল ৫:০০টা পর্যন্ত।

পরীক্ষার কেন্দ্রভিত্তিক হল ও আসন ব্যবস্থা ঃ

ঢাকা কেন্দ্র ঃ

| ক্রমিক নং | পরীক্ষার হল | রেজিষ্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ১. | আলহাজ্ব মকবুল হোসেন বিশ্ববিদ্যালয় কলেজ, কাটাসুর, মোহাম্মদপুর, ঢাকা। | ০০০০০৮ | --- | ০০৪২৭২ | ১১০০ |
| ২. | শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শাজাহান রোড,টাউন হল, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ০০৪২৭৭ | --- | ০০৮৪৭৮ | ১২০০ |
| ৩. | মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর,ঢাকা। | ০০৮৪৭৯ | --- | ০১২৫৪৫ | ১৪০০ |
| ৪. | লালমাটিয়া হাউজিং সোসাইটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা। | ০১২৫৫২ | --- | ০১৫৬১৩ | ১০০০ |
| ৫. | রাজধানী উচ্চ বিদ্যালয়, মানিক মিয়া এভিনিউ, শেরে-বাংলা-নগর, ঢাকা | ০১৫৬১৫ | --- | ০১৭৯০৬ | ৭৫০ |
| ৬. | ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, আগারগাঁও, শেরে-বাংলা-নগর, ঢাকা | ০১৭৯০৭ | --- | ০২০৯৫৪ | ১২০০ |
| ৭. | শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা | ০২০৯৫৬ | --- | ০২৪৬৯৫ | ১২০০ |
| ৮. | শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা | ০২৪৬৯৮ | --- | ০২৭৪৪২ | ১২০০ |
| ৯. | গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা | ০২৭৪৪৩ | --- | ০২৯৫৯৫ | ৮০০ |
| ১০. | ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, প্রিন্সিপাল আবুল কাশেম সড়ক, মিরপুর-১, ঢাকা। | ০২৯৫৯৬ | --- | ০৩১৯৪৮ | ১২০০ |
| ১১. | মডেল একাডেমী,পাইকপাড়া সরকারী কলোনী,মিরপুর-১,ঢাকা | ০৩১৯৫০ | --- | ০৩৪৫৬৮ | ১০০০ |
| ১২. | রূপনগর মডেল স্কুল ও কলেজ, রোড-১৬, রূপনগর আ/এ, মিরপুর,ঢাকা | ০৩৪৫৬৯ | --- | ০৩৮১৩০ | ১৪০০ |
| ১৩. | হাজী আশ্রাফ আলী হাইস্কুল, ৮৮৪/১, পূর্ব শেওড়াপাড়া,কাফরুল, ঢাকা | ০৩৮১৩১ | --- | ০৪০০২৬ | ১০০০ |
| ১৪. | হজরত শাহ্ আলী মহিলা কলেজ, সেকশন-১,মিরপুর,ঢাকা | ০৪০০৩১ | --- | ০৪৪১১২ | ১৩০০ |
| ১৫. | মিরপুর বিশ্ববিদ্যালয়, কলেজ, সেকশন-২, মিরপুর,ঢাকা | ০৪৪১১৯ | --- | ০৪৯৮৫৪ | ২০০০ |
| ১৬. | বাদশা ফয়সাল ইনস্টিটিউট, ২০/১০-এ, ব্লক-এফ, জহুরী মহলা, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা | ০৪৯৮৬০ | --- | ০৫৩১৪৭ | ৮০০ |
| ১৭. | কাকলী উচ্চ বিদ্যালয়, ১৭৯, সাতমসজিদ রোড, ধানমন্ডি,ঢাকা | ০৫৩১৪৯ | --- | ০৫৭৩৯১ | ১০০০ |
| ১৮. | ঢাকা সিটি কলেজ, রোড নং-২, ধানমন্ডি, আ/এ, ঢাকা | ০৫৭৩৯২ | --- | ০৬৩৬২৫ | ১৮০০ |
| ১৯. | ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা | ০৬৩৬২৬ | --- | ০৭৪১৯৮ | ২৭০০ |
| ২০. | সরকারী টিচার্স ট্রেনিং কলেজ, ধানমন্ডি,ঢাকা | ০৭৪২০০ | --- | ০৮৩৮৫৫ | ২০০০ |
| ২১. | ধানমন্ডি গভঃ বয়েজ হাই স্কুল, ঢাকা | ০৮৩৮৫৭ | --- | ০৮৯৯৭১ | ১২০০ |
| ২২. | গার্হস্থ্য অর্থনীতি কলেজ, আজিমপুর, ঢাকা | ০৮৯৯৭২ | --- | ১০০৮২৮ | ১৫০০ |
| ২৩. | তেজগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, ফার্মগেট,তেজগাঁও,ঢাকা | ১০০৮৪৭ | --- | ১১৩৩২০ | ১৩০০ |
| ২৪. | সরকারী বিজ্ঞান কলেজ, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা | ১১৩৩২১ | --- | ১৩৭৯৪৫ | ১১৫৩ |

রাজশাহী কেন্দ্র ঃ

| ক্রমিক নং | পরীক্ষার হল | রেজিষ্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ২৫. | নিউ গভঃ ডিগ্রী কলেজ,রাজশাহী | ২০০০০৩ | --- | ২০৪৮৮৫ | ১৫০০ |
| ২৬. | রাজশাহী সরকারী মহিলা কলেজ,রাজশাহী | ২০৪৮৮৬ | --- | ২০৯৩৯৭ | ১০৫০ |
| ২৭. | রাজশাহী সরকারী সিটি কলেজ,রাজশাহী | ২০৯৪০১ | --- | ২২২৭৫৫ | ১৩৮২ |

ক্রমশ/২

চট্টগ্রাম কেন্দ্র ঃ

| ক্রমিক নং | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ২৮. | এম.ই.এস ওমরগণি কলেজ, নাসিরাবাদ, চট্টগ্রাম | ৩০০০০৬ | --- | ৩০৬৭০৭ | ১৭০০ |
| ২৯. | চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট, নাসিরাবাদ, চট্টগ্রাম | ৩০৬৭১০ | --- | ৩১৭৯৭১ | ১৩২৩ |

খুলনা কেন্দ্র ঃ

| ক্রমিক নং | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ৩০. | খুলনা পলিটেকনিক ইনষ্টিটিউট,খুলনা | ৪০০০০১ | --- | ৪০৪১০২ | ১০০০ |
| ৩১. | সরকারি হাজী মুহাম্মদ মুহসিন কলেজ, খালিশপুর, খুলনা | ৪০৪১০৬ | --- | ৪১৩৯১৬ | ১১২০ |

বরিশাল কেন্দ্র ঃ

| ক্রমিক নং | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ৩২. | সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল | ৫০০০১১ | --- | ৫০৫৯৭৯ | ৭৬৪ |

সিলেট কেন্দ্র ঃ

| ক্রমিক নং | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ৩৩. | সিলেট সরকারী ডিগ্রী কলেজ,সিলেট | ৬০০০০৩ | --- | ৬০৩৪১৯ | ৯৬২ |
| ৩৪. | সিলেট সরকারী আলীয়া মাদ্রাসা,সিলেট। | ৬০৩৪২৫ | --- | ৬০৮৯৯৭ | ৭৩৫ |

রংপুর কেন্দ্র ঃ

| ক্রমিক নং | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ৩৫. | রংপুর সরকারি কলেজ,রংপুর। | ৭০০০০৯ | --- | ৭০৫২৫৫ | ১১০০ |
| ৩৬. | সরকারি বেগম রোকেয়া কলেজ,রংপুর। | ৭০৫২৬০ | --- | ৭১৬৯৮০ | ১০৪৫ |

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী ঃ

১) প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬(ছয়) ডিজিট সম্বলিত। কোন প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ ডিজিটের কম সংখ্যার হলে বামদিকের ঘর/ ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের লিথোকোডের প্রযোজ্য ঘরে কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্তসমূহ ভরাট করতে হবে।

২) পরীক্ষার জন্য প্রার্থীর নামে নতুন করে কোন প্রবেশপত্র জারি করা হবে না। প্রিলিমিনারি (MCQ) টেস্টের জন্য জারিকৃত/প্রদত্ত প্রবেশপত্র লিখিত এবং মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। কাজেই প্রার্থীদেরকে প্রিলিমিনারি (MCQ) টেস্টের জন্য অনলাইনে গৃহীত প্রবেশপত্র সাবধানতার সাথে সংরক্ষণ করতে হবে এবং প্রত্যেক পরীক্ষার দিন প্রবেশপত্রসহ পরীক্ষার হলে উপস্থিত হতে হবে। প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশাবলী অত্যন্ত মনোযোগের সাথে পড়তে এবং তদনুযায়ী অনুসরণ করতে হবে। **প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৩) **পরীক্ষা কক্ষে বই পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার ইলেকট্রনিক্স যোগাযোগযন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ।** পরীক্ষার দিনসমূহে মোবাইল ফোনসহ কোন প্রার্থী পরীক্ষা হল চত্বরে প্রবেশ করতে পারবে না। পরীক্ষা হলে এবং মূল গেটে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ এর উপস্থিতিতে মোবাইল ফোন বহনকারীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশী অভিযান পরিচালনা করা হবে। হলের মূলগেইট এবং পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন ও সাইন্টিফিক ক্যালকুলেটর বা কোন ইলেকট্রনিক্স যোগাযোগযন্ত্র পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট প্রার্থীকে হল থেকে বহিষ্কার করা হবে এবং তার প্রার্থিতা বাতিল করা হবে। এছাড়া ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য উক্ত প্রার্থীকে অযোগ্য ঘোষণা করা হবে। কাজেই পরীক্ষার দিন কোনভাবেই মোবাইল ফোন বা কোন প্রকার ইলেকট্রনিক্স যোগাযোগ যন্ত্র সংগে না আনার জন্য প্রার্থীদেরকে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে। শুধুমাত্র গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা পরীক্ষার দিন ক্যালকুলেটর আনা যাবে, তবে সাইন্টিফিক ক্যালকুলেটর আনা যাবে না।

ক্রমশ/৩

৪) **Admit Card** হারিয়ে গেলে/চুরি বা নষ্ট হয়ে গেলে এবং **User ID Password** ভুলে গেলে কমিশনের **Web site** এর সংশ্লিষ্ট **Home Page** এর **Admit Card Menu** তে ক্লিক করলে **User Recovery** ও **Password Recovery** বাটন দেখা যাবে উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে **Submit** করলে প্রয়োজনীয় এবং কাঙ্খিত তথ্যাবলী পাওয়া যাবে এবং **Admit Card download** করে প্রিন্ট করা যাবে।

৫) হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিঃ নম্বর এবং নামের পাশে প্রবেশপত্রের অনুরূপ তার ছবি এবং স্বাক্ষর মুদ্রিত থাকবে। পরীক্ষার শুরুতেই প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে; মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬) লিখিত পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৭) পরীক্ষার দিনসমূহে জাতীয় পরিচয়পত্র সাথে রাখার জন্য পরীক্ষার্থীদেরকে অনুরোধ করা হলো। তবে এটি বাধ্যতামূলক নয়।

৮) অন-লাইনে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য এবং বিজ্ঞাপনের ৭নং অনুচ্ছেদ অনুযায়ী প্রদত্ত ডিক্লারেশন এর ভিত্তিতে প্রার্থীকে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। বিজ্ঞাপনের ৭নং অনুচ্ছেদের শর্ত পূরণে ব্যর্থ হলে এবং বিজ্ঞাপনের ১৯ নং অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রার্থীর আবেদনপত্রে কোন **Substantive** ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

৯) এ পরীক্ষায় যেকোন রকম অসদুপায় অবলম্বনের জন্য প্রার্থীকে হল হতে বহিস্কার করা হবে। উল্লেখ্য যে, কোন প্রার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে বিজ্ঞাপনের ৩২ নং অনুচ্ছেদের সিদ্ধান্ত এবং পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা-২০০০ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। প্রয়োজনে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত পরীক্ষার্থীকে সোপর্দ করা হবে।

১০) ভুঁয়া প্রার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের প্রচেষ্টা গ্রহণকারীদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পরীক্ষা কক্ষে পরিদর্শকগণ হাজিরা তালিকায় ছবি ও স্বাক্ষরের সাথে প্রার্থীর প্রবেশপত্রের ছবি, রেজিঃ নম্বর এবং জাতীয় পরিচয়পত্র (প্রয়োজনে) পরীক্ষা করবেন। প্রবেশপত্রে উল্লিখিত রেজিঃনম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা এবং প্রার্থীর সাথে প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি অভিন্ন কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন। হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন। প্রার্থীর ছবি, স্বাক্ষর এবং প্রবেশপত্র ও উত্তরপত্রের নাম ও রেজিঃ নম্বরের কোনরূপ গরমিলসহ অনিয়ম ধরা পড়লে সংশ্লিষ্ট কক্ষের পরিদর্শকের ও প্রধান পরিদর্শক/ম্যাজিস্ট্রেটের রিপোর্টের ভিত্তিতে প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১) উল্লেখ্য, প্রতিবন্ধী প্রার্থীর আবেদনের প্রেক্ষিতে কেবলমাত্র কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখকের নামে কমিশন কর্তৃক ইস্যুকৃত ছবি সম্বলিত অনুমতিপত্রসহ শ্রুতি লেখককে নিয়ে সংশ্লিষ্ট প্রতিবন্ধী প্রার্থীকে প্রতিদিন পরীক্ষা হলে উপস্থিত হতে হবে। কমিশনের পূর্বানুমোদন ছাড়া নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা বহির্ভূত কোন শ্রুতি লেখককে পরীক্ষা হলে গ্রহণ করা হবে না।

১২) ৩৪তম বিসিএস -এর লিখিত পরীক্ষা লিথোকোড পদ্ধতিতে অনুষ্ঠিত হবে বিধায়, প্রচলিত খাতার ১ম পৃষ্ঠায় লিথোকোডের একটি কম্পিউটারাইজড ফরম সংযুক্ত থাকবে। উক্ত ফর্মের উপরে প্রার্থী কর্তৃক পূরণীয় প্রথম অংশটি প্রার্থীকে নিম্নোক্ত নির্দেশমতে পূরণ করতে হবে ঃ

নির্দেশাবলী ঃ

(১) গাণিতিক যুক্তি এবং মানসিক দক্ষতার জন্য পরীক্ষার দিন একই সঙ্গে দু'টি উত্তরপত্র (গাণিতিক যুক্তির জন্য লিথোকোডযুক্ত সাদা খাতা এবং মানসিক দক্ষতার জন্য OMR উত্তরপত্র) দেয়া হবে। প্রথমে গাণিতিক যুক্তির উত্তর দিতে হবে। ২ ঘন্টা পর গাণিতিক যুক্তির উত্তরপত্র তুলে নিয়ে মানসিক দক্ষতার প্রশ্নপত্র দেয়া হলে মানসিক দক্ষতা পরীক্ষার জন্য প্রদত্ত কম্পিউটারাইজড (OMR) উত্তরপত্রে উত্তর দেয়া শুরু করতে হবে। কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে উত্তরপত্রের বৃত্ত ভরাট করতে হবে। পেন্সিল দিয়ে বৃত্ত ভরাট করা যাবে না।

ক্রমশ/৪

(২) **MCQ type** মানসিক দক্ষতা বিষয়ের পরীক্ষায় মোট ৫০ (পঞ্চাশ) টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১(এক) নম্বর পাবেন, তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ নম্বর কাটা যাবে।

(৩) নামের ঘরে প্রার্থীর আবেদনপত্রে এবং প্রবেশপত্রে উল্লেখ অনুযায়ী প্রার্থী তার নাম লিখবেন এবং স্বাক্ষরের ঘরে প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর করবেন। পরীক্ষার নামের ঘরে '৩৪তম বিসিএস লিখিত পরীক্ষা' এবং বিষয়ের ঘরে সংশ্লিষ্ট বিষয়ের নাম লিখবেন।

(৪) পরীক্ষা কেন্দ্রের ঘরে প্রার্থীর জন্য প্রযোজ্য বৃত্তটি তিনি কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

(৫) রেজিঃ নম্বরের ঘরে প্রার্থীর প্রবেশপত্রে উল্লেখিত রেজিঃ নম্বরটি তিনি উপরের খালি ঘরে লিখে নীচের সংশ্লিষ্ট বৃত্তগুলো কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

(৬) বিষয় কোডের ঘরে এই পরীক্ষাসূচীর প্রথমাংশে আবশ্যিক বিষয়ের নামের পাশে উল্লেখিত প্রার্থীর জন্য প্রযোজ্য তিন ডিজিটের কোড নম্বরটি প্রার্থী লিথোকোড ফর্মের 'বিষয় কোডের' ঘরের উপরের ফাঁকা অংশে লিখে নীচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। যেমন ইংরেজী ১ম পত্র বিষয়ের কোড ০০৩। সেক্ষেত্রে বিষয় কোডের ঘরে ০০৩ লিখে নীচের কোডের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত পূরণ করতে হবে।

(৭) অতিরিক্ত খাতার ক্রমিক নম্বরের ঘরটি প্রযোজ্য সংখ্যা দিয়ে পূরণ করতে হবে। কোন প্রার্থী ১টি অতিরিক্ত খাতা নিলে প্রথম বৃত্ত, ২টি খাতা নিলে ২য় বৃত্ত এবং ৩টি খাতা নিলে ৩য় বৃত্তটি কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

**(৮) বিশেষভাবে উল্লেখ্য যে, উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় সংযুক্ত লিথোকোড ফর্মের প্রথম অংশে 'কেন্দ্র', 'রেজিঃ নম্বর', 'বিষয়কোড', অতিরিক্ত খাতার নম্বর এর ঘরে কোনরূপ কাটাকাটি করলে এবং লিথোকোড অংশে কোন দাগ দিলে উক্ত উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।**

(৯) সাদা মূল এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিঃ নম্বর ইত্যাদি কোন ভাবেই লিখবেন না। লিখলে বা কোনরূপ চিহ্ন দিলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।

**(১০) পদসংশ্লিষ্ট (Job related) বিষয়ের সময়সূচী পরবর্তীতে দৈনিক পত্রিকা এবং পিএসসি'র ওয়েব সাইট এর মাধ্যমে জানানো হবে।**

(১১) এই বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

২১.৩.১৫

(আ.ই.ম. নেছার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।]

[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]